



বিচার বিভাগকে সময়ের সঙ্গে খাপ খাইয়ে চলতে হবে: প্রধান বিচারপতি



সংগৃহীত ছবি

প্রধান বিচারপতি সৈয়দ রেফাত আহমেদ বলেছেন, বিচার বিভাগ কেবল ঐতিহ্যের শক্তির ওপর নির্ভর করতে পারে না; এটিকে সময়ের সঙ্গে খাপ খাইয়ে চলতে হবে। এজন্য প্রয়োজন কার্যকর সংস্কার।

শনিবার (৮ নভেম্বর) ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের হীরক জয়ন্তী ও পুনর্মিলনী অনুষ্ঠানে টিএসসি অডিটোরিয়ামে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন।

প্রধান বিচারপতি আরও বলেন, “সংস্কারের মূল লক্ষ্য প্রশাসনিক পরিবর্তন নয়, বরং নৈতিক উন্নয়ন। এমন একটি ব্যবস্থা তৈরি করতে হবে যা ক্ষমতার জন্য নয়, মানুষের সেবার জন্য কাজ করে।”

তিনি উল্লেখ করেন, গত পনেরো মাসে বিচারব্যবস্থার স্বায়ত্তশাসন, কার্যকারিতা বৃদ্ধি এবং জনগণের জন্য সহজলভ্য বিচার নিশ্চিত করতে বিভিন্ন প্রাতিষ্ঠানিক সংস্কারের উদ্যোগ নেওয়া হয়েছে। এই প্রক্রিয়া এখনও অব্যাহত রয়েছে।

প্রধান বিচারপতি বলেন, সময়োপযোগী ও নৈতিক সংস্কার ছাড়া বিচার বিভাগ জনগণের আস্থার প্রতীক হিসেবে দাঁড়াতে পারবে না।